| 10. | Clinical management of paracetamol poisoning in cat M. R. Frank, S. K. Paul, M. A. Hoque and M. S. Al Faruk |
| 11. | Investigation and management of nitrate poisoning in cattle: a case study M. R. Islam, A. Hoque, P. Dutta, M. Nayeem, M. Ismail, M. B. Manik, K. M. Rahman, M. A. Hossain, M. Alam and M. M. Hassan |
| 12. | Surgical management of Coenurosis in a goat: case report S. Ferdouse, M. S. Hossain and H. Barua |

Volume 10, Issue 2 (December 2022), (BJVAS)

| SL No | TITLE OF THE MANUSCRIPTS |
|-------|--|
| 01. | Market demand of conventional and non-conventional fish species and price comparison between BFDC landing center and two popular fish markets, the Baharchora and Borobazar, in Cox's Bazar, Bangladesh T.R. Raisa, T. Sultana, S.K. Ghosh, N.N. Tamzi, R.T. Shuchi and M. Faisal |
| 02. | Present status of traditional dry fish processing and marketing, and assessment of socio-economic status of dry fish processors in Nazirartek, Cox's Bazar, Bangladesh R. T. Shuchi, T. Sultana, S. K. Ghosh, N. N. Tamzi, S. K. Dey and M. Faisal |
| 03. | Fish availability, marketing system and value chain analysis of some important commercial marine species at local markets of cox's bazar, Bangladesh S. K. Dey, T. Sultana, S. K. Ghosh, T. R. Raisa, N. N. Tamzi and M. Faisal |
| 04. | Association of food safety knowledge and practice with microbiological contamination in street vended fruit juice: A cross-sectional study in Chattogram Metropolitan City D. Mazumder, S. Saha, A. M. Chowdhury, P. Chakma, S. R. Roy and P. Dutta |
| 05. | An assessment of awareness and practicing status regarding personal and animal hygiene among livestock farmers in semi-urban areas of Barisal district, Bangladesh A. Sayed, I. J. Shathi and M. M. Rahman |
| 06. | Analysis on Industry Cluster for Regional Development in a Haor Region of Bangladesh: A Location Quotient Analysis S. Rana, A. Rahman and S.M. M. A. Dipu |
| 07. | Constraints and economic impacts of COVID-19 on dairy farming in Chattogram, Bangladesh M. C. Sumy, C. Nuth, G. Miah, H. Khanom, S. Rana and AMAM Z. Siddiki |
| 08. | Estimation of methane emission from beef cattle of Bangladesh A. Islam and A. A. Biswas |
| 09. | Surgical correction of third eyelid gland prolapsed (Cherry eye) in dog – First case report in Bangladesh B. C. Das, A. Das, U. F. Chy, D. Sarker, T. Paul and A. Das |

Volume 10, Issue 1 (June 2023) (BJVAS)

| Sl. No | TITLE OF THE MANUSCRIPTS |
|--------|---|
| 01. | Livelihood of artisanal fishermen in Cox's Bazar Nayeema Ferdauy Hoque, Md. Nayeem Hossain |
| 02. | Evaluation the quality attributes of graduate by employers to develop skilled manpower and ensuring the quality of higher education M. A. Hossain, M. Ahaduzzaman, M. A. Hossain, M. K. I Khan and G. Miah |
| 03. | Impact of COVID-19 outbreak on Psycho-Socio, Economic and Health Status of people in Chattogram: A cross sectional study Fahmida Binta Wali, J.M. Kamrul Hasan Chowdhury, Jannatun Wnaiza, Mousumi Nath, Asma Akhter Uddin |
| 04. | Surgical correction of penile urethral diverticulum in a jamunapari cross-bred kid- a clinical case report Dibyendu Biswas |
| 05. | First molecular evidence and antibiotic resistance of Escherichia albertii in pet dogs in Chattogram, Bangladesh Mukta Das Gupta, Mishuk Shaha, Tahia Ahmed Logno, Keya Ghosh and Ashutosh Das |
| 06. | Surgical Correction of Recurrent Rectal Prolapse by Colopecty in Cats Bibek Chandra Sutradhar, Ummay Khaer Fatema Chy, Ankon Das, Debashish Sarker, Thumbay Paul, Avi Das and Arifa Akter |
| 07. | Prevalence of the diseases of pet animals at Savarupazila, Dhaka District, Bangladesh: A Cross-sectional Study Shawon Chandra Sill, Abu Sayed, and Md. Ahsanur Reza |
| 08. | Livelihood Assessment of Seaweed Beneficiaries at Nuniachara, Cox's Bazar Nayeema Ferdauy Hoque, Sadia Tahsin |
| 09. | Nutritive Value of Locally Available Chicken and Duck Egg Powder Waiching Nu, Sajib Roy, Lipa Chowdhury, Srijon Das, M. Ashraf Ali Biswas and S.K.M. Azizul Islam |
| 10. | Effect of heat stress on physiological indicators and production performance of broiler chickens Md. Sayadur Rahman, Md Ridoan Pasha, Amir Hossan Shaikat and Mohammad Rashedul Alam |

পরিচালক:

১. প্রফেসর ড. এল. কে. এম. আজিজুল ইসলাম, ডিভিএম, এম,ফিল (বায়োকেমিস্ট্রি) অ্যান্ড মলিকুলার বায়োলজি), পিএইচডি

কর্মচারী: ১ জন



চতুর্থ শিল্প বিপ্লব বিষয়ক সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখছেন সিভাসু'র মাননীয় উপাচার্য প্রফেসর ড. এএসএম লুৎফুল আহসান। মূল প্রবন্ধ উপস্থাপন করেন চুয়েটের সাবেক উপাচার্য প্রফেসর ড. মো. আব্দুল করিম আলম



পবেষণা ব্যবস্থাপনা বিষয়ক কর্মশালায় ডিসোর্স পার্টন হিসেবে বক্তব্য দেন ইউজিসি'র মাননীয় সদস্য প্রফেসর ড. মো. আবু তাহের

ভেটেরিনারি ক্লিনিক্স

ভূমিকা:

এস.এ. কাদেরী টিচিং ভেটেরিনারি হাসপাতালকে বিশ্বব্যাপী ভেটেরিনারি শিক্ষা ও গবেষণায় উৎকৃষ্ট কেন্দ্র হিসেবে বিবেচনা করা হয়। ভেটেরিনারি শিক্ষার ক্ষেত্রে প্রথম দু'বছর ক্লিনিক্যাল বিজ্ঞানসমূহ অধ্যয়নের পর শিক্ষার্থীরা পেশাগত জীবনের জন্য প্রাণী চিকিৎসার সকল বিজ্ঞানভিত্তিক প্রযুক্তি ও কলাকৌশল এখানেই গ্রহণ করে থাকে। চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের এস.এ. কাদেরী টিচিং ভেটেরিনারি হাসপাতাল এমন একটি সেবা ও শিক্ষা কেন্দ্র যেখানে মেডিসিন ও সার্জারি বিভাগের অভিজ্ঞ ও দক্ষ শিক্ষকদের তত্ত্বাবধানে শিক্ষার্থীরা সকল প্রকার প্রাণীর সূচিকিৎসা প্রদানের দক্ষতা ও নৈপুণ্যতা অর্জন করে থাকে। গৃহপালিত পশু, শাবু, গোরা প্রাণী, খামার এবং চিত্তগ্রামখানা ও সাফারী পার্কের বন্য প্রাণীর রোগ নিরূপণ এবং সূচিকিৎসা প্রদানের ব্যাপ্ততম ও উন্নত স্থান এই হাসপাতাল। যেখানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা হাতে কলমে ব্যবহারিক অভিজ্ঞতা অর্জন করতে পারে এবং চট্টগ্রাম ও উপজেলার আশেপাশের খামারী ও সাধারণ জনগণ তাদের পশুপাখি পালন ও চিকিৎসায় সর্বাঙ্গিক সহযোগিতা পেতে থাকে।

এ হাসপাতালের নাম "সাহেবুল আলম কাদেরী টিচিং ভেটেরিনারি হাসপাতাল (এসএকিউটিভিএইচ)। হাসপাতালটি একজন দক্ষ পরিচালক (ভেটেরিনারি ক্লিনিক্স) কর্তৃক পরিচালিত হয় এবং মেডিসিন ও সার্জারি বিভাগের অভিজ্ঞ ও দক্ষ শিক্ষকগণ সার্বক্ষণিক চিকিৎসা সেবা প্রদানে দায়িত্বে নিয়োজিত আছেন।

প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম:

বিশ্ববিদ্যালয়ের এস.এ. কাদেরী টিচিং ভেটেরিনারি হাসপাতালটির চিকিৎসা সেবা ও সম্প্রসারণ কার্যক্রমের মূল উদ্দেশ্য চট্টগ্রাম তথা বাংলাদেশের প্রাদেশিকস্তরের উন্নয়নপূর্বক পশুপালনের সাথে জড়িত জনগণের অর্থনৈতিক উন্নতি সাধন করা এবং গত ১৬ বছর যাবত অত্র হাসপাতালটি সকল উন্নত ও সর্বাধুনিক প্রযুক্তির মাধ্যমে চিকিৎসাসেবা প্রদান করে চট্টগ্রামের অঞ্চলের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। অন্যান্য পেশাগত বিশ্ববিদ্যালয়ের মত ক্লিনিক্যাল, টিচিং, পরেখনা ও নিয়মিত চিকিৎসাসেবা প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদের জনগত উৎকর্ষ সাধন এবং দক্ষ ও অভিজ্ঞ ডাক্তার হিসেবে গড়ে তুলতে আমরা আশাবাদী ও বিশ্বাসী।

এস. এ. কাদেরী টিচিং ভেটেরিনারি হাসপাতালটি বিভিন্ন শাখায় ভাগ করে এর প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম পরিচালনা করা হয়। নিম্নে এর বিষয়ণ দেওয়া হলো:

১. ফার্ম এনিম্যাল ইউনিট: হাতি, বাঘ, সিংহ, গরু, ঘোড়া, মহিষ, ছাগল, ভেড়া এবং অন্যান্য বড় প্রাণীর রোগ নির্ণয় ও চিকিৎসা প্রদান।
২. পেট এনিম্যাল ইউনিট: কুকুর, বিড়াল, শয়গোশ, গিনিপিগ, হাঁস, কচ্ছপ, সাপ ও অন্যান্য ছোট প্রাণীর রোগ নির্ণয় ও চিকিৎসা প্রদান। এছাড়া বিভিন্ন প্রজাতির পোস্ত্রি যেমন: হাঁস, মুরগি, কোয়েল, কবুতর, ময়ূর, তিত্তির এবং সকল প্রকার পাখির (টিয়া, মড়না, চড়ুই, ইত্যাদি) মরণাতনন্ত সহকারে রোগ নির্ণয় ও চিকিৎসা প্রদান।
৩. খেবিরওজেনোলজি ইউনিট: প্রসবজনিত সমস্যা, কৃত্রিম প্রজনন, পুরুষ ও স্ত্রী প্রাণীর প্রজনন বিষয়ক রোগসমূহ নিরূপণ ও চিকিৎসা প্রদান।
৪. সার্জারি ইউনিট: ছোট বড় সকল প্রাণীর জটিল রোগ ও বিভিন্ন শল্যচিকিৎসা (যেমন: Caesarean, Castration, Ligation/Spaying, Caponization, Hernia, Gid, Tumor, Atresia ani, Fracture managed by IMP, Fracture managed by Plating, Amputation, Cystotomy ইত্যাদি) প্রদান করা হয়।
৫. ইন্থেলিজ ইউনিট: আলট্রাসোনোগ্রাফি, ইসিজি, সিআর এন্ডরে, ডিআর এন্ডরে, এন্ডোসকপি ইত্যাদি সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহার করে রোগ নির্ণয় করা হয়।
৬. ডায়াগনস্টিক ল্যাব: বিভিন্ন প্রাণীর রক্ত, দুধ, পায়খানা ইত্যাদি পরীক্ষানিরীকার মাধ্যমে সঠিক রোগ নির্ণয় করে চিকিৎসা প্রদান করা হয়।

৭. কনসালট্যান্সি ইউনিট: পোলিও ও দুগ্ধ বাম্বার স্থাপনে প্রয়োজনীয় উপদেশ, পরামর্শ ও নির্দেশনা প্রদান।
৮. আয়োজিত ক্লিনিক: চট্টগ্রাম শহর ও এর আশেপাশে উপজেলাসমূহে সপ্তাহে ৩ দিন চিকিৎসাসেবা প্রদান।

উপবোক্ত কার্যক্রম ছাড়াও এখানে ছাত্রছাত্রীদের হাতেকলমে ক্লিনিক্যাল, সার্জিক্যাল এবং গাইনোকোলজিক্যাল শিলা প্রদান করা হয়। মেডিসিন ও সার্জারি বিভাগের সাথে সমন্বয় করে এবং মেডিসিন ও সার্জারি বিভাগের চিকিৎসকের সার্বিক সহযোগিতায় অনেক জটিল অপারেশন সাফল্যের সাথে সম্পন্ন করা হয়।

এই হাসপাতালে সারা বছর সপ্তাহে ৬ দিনই নিম্ন লিখিত সময়সূচি অনুসারে চিকিৎসাসেবা প্রদান করে থাকে:

- রবিবার থেকে বুধবার → সকাল ৯ টা থেকে রাত ৮ টা
- শনিবার → সকাল ৯ টা থেকে দুপুর ১২ টা
- শুক্রবার ও অন্যান্য সরকারি ছুটির দিন → বন্ধ

গত ২০২০-২১ অর্থ বছরে বিভিন্ন ধর্মীয় চিকিৎসার একটি তালিকা উল্লেখ করা হল:

| ক্রমিক নং | শতপাখির নাম | সক্রমক ব্যাখির চিকিৎসার সংখ্যা | সার্জারি চিকিৎসা | মন্তব্য |
|--------------|-----------------------|-----------------------------------|------------------|---------|
| ১ | ছাগল | ১৩৯৪ | ১২৪ | |
| ২ | গরু | ১৫৬ | | |
| ৩ | ঘোড়া | ৬ | | |
| ৪ | শেড়া | ২৭ | | |
| ৫ | কবুতর | ১৫৭ | | |
| ৬ | কুকুর | ৫৯১ | | |
| ৭ | বিড়াল | ৯৬৬ | | |
| ৮ | পোষা পাখি | ১৩৬ | | |
| ৯ | খরগোশ | ৭৬ | | |
| ১০ | পোল্ট্রি (হাঁস-মুরগি) | ১৮৪ | | |
| ১১ | বন্য প্রাণি | ৬ | | |
| সর্বমোট = | | ৩৬৯৯ | ১২৪ | |

বার্ষিক প্রতিবেদন ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩

গত ২০২০-২১ অর্থ বৎসরে বিভিন্ন শ্রাণীর পরীক্ষানিরীক্ষার তালিকা উল্লেখ করা হল :

| ক্রমিক নং | পরীক্ষার বিবরণ | শ্রাণির সংখ্যা | মন্তব্য |
|--------------|------------------|----------------|---------|
| ১ | ময়নাতদন্ত | ৬০ | |
| ২ | ডিআর/সিআর এন্গরে | ৪৫৫ | |
| ৩ | গর্ভ পরীক্ষা | ৩৭৫ | |
| ৪ | রক্ত পরীক্ষা | ১৩২ | |
| ৫ | দুধ পরীক্ষা | ২৫ | |
| ৬ | পায়খানা পরীক্ষা | ৬৮০ | |

গত ২০২১-২২ অর্থ বৎসরে বিভিন্ন শ্রাণীর চিকিৎসার একটি তালিকা উল্লেখ করা হল:

| ক্রমিক নং | পশুশ্রাণির নাম | সংক্রমক ব্যাধির চিকিৎসার সংখ্যা | সার্জারি চিকিৎসা | মন্তব্য |
|--------------|---------------------|------------------------------------|------------------|---------|
| ১ | ছাগল | ২৭৩৪ | ১৩১ | |
| ২ | গরু | ২৪৫ | | |
| ৩ | ঘোড়া | ২ | | |
| ৪ | তেড়া | ৬৯ | | |
| ৫ | কবুতর | ১৯১ | | |
| ৬ | মুকুর | ১০২১ | | |
| ৭ | বিড়াল | ২৯৬৫ | | |
| ৮ | পোষা পাকি | ১৭১ | | |
| ৯ | খরশোশ | ১৯১ | | |
| ১০ | পোন্ডি (হাঁস-মুরগি) | ২৫৪ | | |
| ১১ | বন্য প্রাণী | ১৬ | | |
| ১২ | অন্যান্য প্রাণী | ১ | | |
| সর্বমোট = | | ৭৮৬০ | ১৩১ | |

গত ২০২১-২২ অর্থ বৎসরে বিভিন্ন শ্রাণীর পরীক্ষানিরীক্ষার তালিকা উল্লেখ করা হল:

| ক্রমিক নং | পরীক্ষার বিবরণ | শ্রাণীর সংখ্যা | মন্তব্য |
|--------------|------------------|----------------|---------|
| ১ | ময়নাতদন্ত | ৭৬ | |
| ২ | ডিআর/সিআর এক্সরে | ৫০২ | |
| ৩ | গর্ভ পরীক্ষা | ৪০৮ | |
| ৪ | রক্ত পরীক্ষা | ৪২৩ | |
| ৫ | দুখ পরীক্ষা | ১০৯ | |
| ৬ | নামাখানা পরীক্ষা | ৭৩৬ | |

গত ২০২২-২৩ অর্থ বৎসরে বিভিন্ন শ্রাণীর চিকিৎসার একটি তালিকা উল্লেখ করা হল:

| ক্রমিক নং | পশুপাখির নাম | সংক্রামক ব্যাধির চিকিৎসার সংখ্যা | সার্জারি চিকিৎসা | মন্তব্য |
|--------------|-----------------------|-------------------------------------|------------------|---------|
| ১ | ছাগল | ৩৩৭১ | ১৮৫ | |
| ২ | গরু | ৩৩১ | | |
| ৩ | ঘোড়া | ৩ | | |
| ৪ | ভেড়া | ৭৬ | | |
| ৫ | কবুতর | ১৩৮ | | |
| ৬ | কুকুর | ৮৯৯ | | |
| ৭ | বিড়াল | ৫২৮০ | | |
| ৮ | পোষা পাখি | ২৪৪ | | |
| ৯ | খরগোশ | ১৫৪ | | |
| ১০ | পোল্ট্রি (হাঁস-মুরগি) | ৩০৬ | | |
| ১১ | বন্য শ্রাণী | ১৮ | | |
| ১২ | অন্যান্য শ্রাণী | ১০ | | |
| সর্বমোট = | | ১০৮৩০ | ১৮৫ | |

বার্ষিক প্রতিবেদন ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩

পত ২০২২-২৩ অর্থ বৎসরে বিভিন্ন খানীয় পরীক্ষানিরীক্ষার তালিকা উল্লেখ করা হল:

| ক্রমিক নং | পরীক্ষার বিবরণ | খানীয় সংখ্যা | মন্তব্য |
|--------------|------------------|---------------|---------|
| ১ | ময়নাতদন্ত | ৯৫ | |
| ২ | ভিআন/নিআর এরূরে | ১২২০ | |
| ৩ | বর্ষ পরীক্ষা | ৭০৩ | |
| ৪ | ব্রহ্ম পরীক্ষা | ৩৮৮ | |
| ৫ | দুব পরীক্ষা | ৮২ | |
| ৬ | পায়খানা পরীক্ষা | ৭১৯ | |

বিভাগ/অফিসের বাজেট:

এস. এ. কাদেরী ডিচিং ডেটেরিনারি হাসপাতালের ২০২০-২১ অর্থ বৎসরের বাজেট নিম্নরূপ:

১. মুদ্রণ ও বাঁধাই - ৫০,০০০.০০
২. সংবাদপত্র ও সাময়িকী - ৫,০০০.০০
৩. রাসায়নিক দ্রব্যাদি ও বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় - ১,৭৫,০০০.০০
৪. চিকিৎসা ব্যয় (পত) - ২,৫০,০০০.০০
৫. বিভাগীয় আনুষঙ্গিক - ৪৫,০০০.০০
৬. ছুলানী (এ্যামুলেন্স) - প্রকৃত চাহিদার আলোকে ছাড়যোগ্য।

২০২১-২২ অর্থ বৎসরের বাজেট নিম্নরূপ:

১. মুদ্রণ ও বাঁধাই - ৫০,০০০.০০
২. সংবাদপত্র ও সাময়িকী - ৫,০০০.০০
৩. রাসায়নিক দ্রব্যাদি ও বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় - ১,৭৫,০০০.০০
৪. চিকিৎসা ব্যয় (পত) - ২,৫০,০০০.০০
৫. বিভাগীয় আনুষঙ্গিক - ৪৫,০০০.০০
৬. ছুলানী (এ্যামুলেন্স) - প্রকৃত চাহিদার আলোকে ছাড়যোগ্য।

২০২২-২৩ অর্থ বৎসরের বাজেট নিম্নরূপ:

১. মুদ্রণ ও বাঁধাই - ৫০,০০০.০০
২. সংবাদপত্র ও সাময়িকী - ৫,০০০.০০
৩. রাসায়নিক দ্রব্যাদি ও বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় - ১,৭৫,০০০.০০
৪. চিকিৎসা ব্যয় (পত) - ২,৫০,০০০.০০
৫. বিভাগীয় আনুষঙ্গিক - ৪৫,০০০.০০
৬. ছুলানী (এ্যামুলেন্স) - প্রকৃত চাহিদার আলোকে ছাড়যোগ্য।

সভা/সেমিনার/ওয়ার্কশপ/সিম্পোজিয়াম/টোলিং/অন্যান্য:

প্রতিবছর বিশ্ব জলাভঙ্গ দিবস উপলক্ষে এস.এ. কানেরী টিচিং ভেটেরিনারি হাসপাতালের উদ্যোগে বিনামূল্যে কুকুর ও বিড়ালের জলাভঙ্গ রোগের টিকা এবং পোষ্য প্রাণীর কুমিনাশক কর্মসূচির আয়োজন করা হয়।

বহিরাঙ্গণ কার্যক্রম:

চট্টগ্রাম ও এর আশেপাশের এলাকায় সাধারণ মানুষ ও খামারীরা তাদের গৃহপালিত পোষ্য এবং খামারের প্রাণীর চিকিৎসাসেবা অত্র প্রামাণ্য হাসপাতালের মাধ্যমে সারা বছর পেতে থাকে। চট্টগ্রাম ও এর প্রতিবেশী জেলার বিভিন্ন উপজেলা হতে অসংখ্য জটিল রোগের প্রাণীসমূহ এ হাসপাতালে রেবার করা হয়। সম্প্রসারণ কার্যক্রমের অংশ হিসেবে অত্র হাসপাতালের প্রামাণ্য চিকিৎসক দল ২০০০ সাল হতে ক্যাম্পাসের বাইরে বিভিন্ন চিকিৎসাসেবা প্রদান পূর্বক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন।

এই স্পটসমূহ হল:

চট্টগ্রাম জেলার আনোয়ারা, পটিয়া, বোয়ালখালী, সীতাকুণ্ড, মীরসরাই, হাটহাজারী ও রাউজান উপজেলার প্রত্যেক অঞ্চল।

পরিচালক:

১. প্রফেসর ড. তখন চন্দ্র দাস, ডিভিএন, এমএস, সার্জারি (বাকবি), পিজিটি (ভারত), পিএইচডি (ভারত), এণ্ডভিইটি সেন্টো (যুক্তরাষ্ট্র)

কর্মচারী: ৮ জন



বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীতে ভেটেরিনারি ক্লিনিক্স এর উদ্যোগে বিনামূল্যে টিকা ও চিকিৎসাসেবা প্রদান

শারীরিক শিক্ষা দপ্তর

ভূমিকা:

খেলাধুলার মাধ্যমে শিক্ষক, কর্মকর্তা, ছাত্রছাত্রী ও কর্মচারীদের মধ্যে শারীরিক ও মানসিক উৎকর্ষ বিধানের সাথে সাথে একে অন্যের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক স্থাপনে অগ্রণী ভূমিকা পালন করে আসছে শারীরিক শিক্ষা দপ্তর। এ বিভাগের পরিচালনায় বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের বার্ষিক বিভিন্ন অত্যন্তরীণ ও বহিঃক্রীড়া কার্যক্রম আয়োজিত হয়। এর মধ্যে উল্লেখযোগ্য হলো-জাতীয় অ্যাথলেটিক্স প্রতিযোগিতা, আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতা, অত্যন্তরীণ; যেমন: আন্তঃসেশন ফুটবল, ক্রিকেট, তলিবল, ব্যাডমিন্টন, দাবা, ক্যারাম, টেবিল টেনিস, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা। এছাড়া বিভিন্ন জাতীয় দিবসে শিক্ষক, কর্মকর্তা, ছাত্রছাত্রী ও কর্মচারীদের জন্য বিভিন্ন খেলাধুলার আয়োজন করা হয়ে থাকে।

ছাত্রছাত্রীদের বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণের পূর্বে তাদেরকে বিভিন্ন অনুশীলনের মাধ্যমে খেলার উপযোগী হিসেবে তৈরি করে আন্তঃবিশ্ববিদ্যালয় ও জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করানো হয়। এর পূর্বে অত্যন্তরীণ ছাত্রছাত্রীদের মধ্যে প্রতিযোগিতার মাধ্যমে প্রতিযোগী নির্ধারণ করা হয়।

আলোচ্য অর্থবছরে বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় শারীরিক শিক্ষা বিভাগের অধীনে যেসব কার্যক্রম পরিচালনা করা হয়েছে তার কিছু উল্লেখযোগ্য অংশ নিচে তুলে ধরা হলো:

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস:

প্রতিবছর ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস স্মারকমূলকভাবে উদ্‌যাপন করা হয়। উক্ত দিবস উপলক্ষে শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী ও কর্মচারীদের জন্য বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা, যেমন: ক্রীড়া ক্রিকেট ও ফুটবল ম্যাচের আয়োজন করা হয়। বেলা শেষে চ্যাম্পিয়ন ও রানার্স আপ দলের সকল খেলোয়াড়কে পুরস্কার প্রদান করা হয়।

২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস:

প্রতিবছর ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ধর্বাধোগ্য মর্বাদায় পালন করা হয়। উক্ত দিবসে দারুণ দিন বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হয়। এর মধ্যে উল্লেখযোগ্য হলো-শিক্ষক একাদশ বনাম ছাত্র একাদশ-(অ), কর্মকর্তা একাদশ বনাম ছাত্র একাদশ-(ই), এবং মহিলা শিক্ষক-কর্মকর্তা একাদশ বনাম ছাত্রী একাদশ এবং কর্মচারী-৩য় শ্রেণি একাদশ বনাম কর্মচারী-৪র্থ শ্রেণি একাদশ এর মধ্যে ক্রীড়া ক্রিকেট ম্যাচ।

বেলা শেষে চ্যাম্পিয়ন ও রানার্স আপ দলের সকল খেলোয়াড়কে পুরস্কার প্রদান করা হয়। উক্ত প্রতিযোগিতাসমূহ পরিচালনা করেন মো: মজিবুর রহমান পরিচালক (ভারপ্রাপ্ত) ও মোহাম্মদ গোলাম মাতলা, সহকারী পরিচালক, শারীরিক শিক্ষা, সিভাসু।

১২তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা:

প্রতি বছরের ন্যায় ২৩ মার্চ ২০২২ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ক্রীড়া প্রতিযোগিতার মোট ইভেন্ট ছিলো ৩৫টি। বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, অভিভাবক, শিশুসহ দলবর্ধ অংশগ্রহণে ২৩ মার্চ ২০২২ তারিখে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার সমাপ্তি ঘটে। উক্ত প্রতিযোগিতার সেরা মানব মেহেদী হাসান ও সেরা মানবী হর সূচীতা চাকমা।

ছাত্রদের মধ্যে যুগ্মভাবে চ্যাম্পিয়ন হয়-রবিউল ইসলাম রান্নি ও মাহবুব রহমান শিপন এবং রানার্স আপ হয়- জোবায়ের কয়সাল। ছাত্রীদের মধ্যে চ্যাম্পিয়ন হয়- সূচীতা চাকমা ও রানার্স আপ হয় ফাতেমাতুলজ জোহরা চৌধুরী।

বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা উদ্বোধন ও প্রতিযোগিতা শেষে খেলোয়াড়দেরকে পুরস্কার প্রদান করেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. পৌতম বুদ্ধ দাশ।

অত্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতা (ব্যাডমিন্টন):

১ এপ্রিল ২০২২ অত্যন্তরীণ ক্রীড়া (ব্যাডমিন্টন) প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ছাত্রছাত্রীদের অংশগ্রহণে উক্ত প্রতিযোগিতা অত্যন্ত সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন হয়। প্রতিযোগিতায় ছাত্র (একক): চ্যাম্পিয়ন হয়-মো: আদহাম বিন হাসান ও রানার্স আপ হয়-মো: সাহিফুল ইসলাম রিফাত। ছাত্রী (একক): চ্যাম্পিয়ন হয়-তাজনীর তাকি ও রানার্স আপ হয়-এমা তঞ্চঙ্গ্যা।

ছন্দে (দ্বৈত): চ্যাম্পিয়ন হয়- ১। মো: মাহবুবুর রহমান ২। উসিং মাবমা এবং রানার্স আপ হয় ১। শাবন বড়ুয়া ২। নাবিল মাহসুদ। জুজী (দ্বৈত): চ্যাম্পিয়ন হয়- ১। তাজনীর তাকি ২। এমা তঞ্চল্যা এবং রানার্স আপ হয় ১। খাদিজা বেগম ২। তানজীনা আক্তার। উক্ত খেলা পরিচালনা করেন ব্যাডমিন্টন অ্যাস্পায়ার জনাব মোহাম্মদ গোলাম মাওলা, সহকারী পরিচালক, শাশি, সিভাসু।

আন্তঃসেশন ভলিবল প্রতিযোগিতা:

০২ এপ্রিল ২০২২ সালে আন্তঃসেশন ভলিবল প্রতিযোগিতা সম্পন্ন হয়। বিশ্ববিদ্যালয়ের ছাত্রদেরকে নিয়ে সেশন অনুযায়ী ৬ টি ভলিবল মল গঠন করা হয়। মলগুলো হলো: ১। সকল অনুষদের মাস্টার্স-১ ২। সকল অনুষদের মাস্টার্স-২ ৩। সেশন: ২০১৭-২০১৮, ৪। সেশন: ২০১৮-২০১৯, ৫। সেশন: ২০১৯-২০২০ এবং ৬। সেশন: ২০২০-২০২১। খেলাটি প্রথম পর্বে লীগ পদ্ধতি এবং দ্বিতীয় পর্বে নকআউট পদ্ধতিতে অনুষ্ঠিত হয়। খেলায় ১ম সেট সম্পন্ন হওয়ার পর ২য় সেটে অসেরা খরতা দেখা দিলে পরিচালনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ফাইনালে উল্লীর্ণ সকল অনুষদের মাস্টার্স-১ এবং সেশন: ২০১৭-২০১৮ এই দুই দলকে বৃগা চ্যাম্পিয়ান ঘোষণা করা হয়। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী সকল খেলোয়াড়দেরকে এ বিশ্ববিদ্যালয় থেকে খেলার ড্রেস প্রদান করা হয়।

আন্তঃসেশন ক্রিকেট প্রতিযোগিতা:

০২ এপ্রিল ২০২২ সালে আন্তঃসেশন ক্রিকেট প্রতিযোগিতা সম্পন্ন হয়। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং ছাত্রদেরকে নিয়ে সেশন অনুযায়ী ৬ টি ক্রিকেট মল গঠন করা হয়। মলগুলো হলো: ১। সকল অনুষদের মাস্টার্স-১, ২। সকল অনুষদের মাস্টার্স-২, ৩। সেশন: ২০১৭-২০১৮, ৪। সেশন: ২০১৮-২০১৯, ৫। সেশন: ২০১৯-২০২০ এবং ৬। সেশন: ২০২০-২০২১। খেলাটি প্রথম পর্বে লীগ পদ্ধতি এবং দ্বিতীয় পর্বে নকআউট পদ্ধতিতে অনুষ্ঠিত হয়। খেলায় সেশন: ২০১৮-২০১৯ চ্যাম্পিয়ন এবং সকল অনুষদ মাস্টার্স-২ রানার্স আপ হওয়ার গৌরব অর্জন করে। প্রতিযোগিতায় সেরা উদ্ব খেলোয়াড় নির্বাচিত হয় ০৩ জন-১। আদহাম বিন হাসান, ২। সুকর্ণ সিংহ এবং মো: আশিকুর রহমান। সেরা অধিনায়ক নির্বাচিত হয় মো: আশিক হাজরা (সকল অনুষদের মাস্টার্স-১)। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী সকল খেলোয়াড়দেরকে এ বিশ্ববিদ্যালয় থেকে খেলার ড্রেস প্রদান করা হয়। খেলা পরিচালনা করেন চট্টগ্রাম জেলা জুজীয়া সংস্থার ক্রিকেট অ্যাস্পায়ারবৃন্দ। বার্ষিক তত্ত্বাবধান করেন মো: মজিবুর রহমান, পরিচালক (স্বাস্থ্য) ও মোহাম্মদ গোলাম মাওলা, সহকারী পরিচালক, শারীরিক শিক্ষা, সিভাসু।

আন্তঃসেশন ফুটবল প্রতিযোগিতা:

অক্টোবর ২০২২ সালে আন্তঃসেশন ফুটবল প্রতিযোগিতা সম্পন্ন হয়। বিশ্ববিদ্যালয়ের ছাত্রদেরকে নিয়ে সেশন অনুযায়ী ৬ টি ফুটবল মল গঠন করা হয়। মলগুলো হলো: ১। সকল অনুষদের মাস্টার্স -১, ২। সকল অনুষদের মাস্টার্স-২, ৩। সেশন: ২০১৭-২০১৮, ৪। সেশন: ২০১৮-২০১৯, ৫। সেশন: ২০১৯-২০২০, ৬। সেশন: ২০২০-২০২১। খেলাটি প্রথম পর্বে লীগ পদ্ধতি এবং দ্বিতীয় পর্বে নকআউট পদ্ধতিতে অনুষ্ঠিত হয়। খেলায় সেশন: ২০১৮-২০১৯ চ্যাম্পিয়ন এবং সেশন: ২০১৭-২০১৮ রানার্স আপ হওয়ার গৌরব অর্জন করে। ম্যান অব দ্যা ফাইনাল নির্বাচিত হয় আকাশ বড়ুয়া, (সেশন: ২০১৮-১৯, ফিশারিজ), সবোর্ডে গোলদাতা মাহসুদ নাবিল (সেশন: ২০১৮-১৯, ফুড সাইন্স অ্যান্ড টেকনোলজি) সেরা গোলকিপার নির্বাচিত হয় শাফায়াৎ জামিল সিজার (সেশন: ২০১৮-১৯, ফুড সাইন্স অ্যান্ড টেকনোলজি)। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী সকল খেলোয়াড়দেরকে এ বিশ্ববিদ্যালয় থেকে খেলার ড্রেস প্রদান করা হয়। খেলা পরিচালনা করেন চট্টগ্রাম জেলা ফুটবল রেফারী এসোসিয়েশনের রেফারীবৃন্দ।

কর্মকর্তা:

১. মো: মজিবুর রহমান, বিএসএন (সম্মান) এমএসএল (অর্থনীতি), ঢাবি, বিপিএড, এমপিএড, ডিপ্লোমা ইন স্পোর্টস কোচিং (আর্থ), পাঞ্জাব (ভারত)-পরিচালক
২. মোহাম্মদ গোলাম মাওলা, এমএসএল (সমাজ কর্ম) বিনিএড, এমপিএড, উত্তরা বিশ্ববিদ্যালয়-সহকারী পরিচালক

কর্মচারী: ২ জন

বার্ষিক প্রতিবেদন ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩



১২তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের সাথে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, শিষ্যাবী ও কর্মচারীবৃন্দ



১২তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় এক প্রতিযোগীর বৈশিষ্ট্য প্রদর্শন

পরিচালক (ফার্ম)

ভূমিকা:

বাংলাদেশে অবস্থিত বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে শিক্ষা ও গবেষণার বিবেচনায় চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় একটি বিশেষায়িত বিশ্ববিদ্যালয়। এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে পরিচালক (ফার্ম)। চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় এর মূল ক্যাম্পাসে ও হাটহাঙ্গলবীহু রিসার্চ এন্ড ফার্ম বেইসড ক্যাম্পাসে পরিচালক (ফার্ম) এর কার্যক্রম পরিচালিত হচ্ছে। দেশের প্রাণী সম্পদের উন্নয়ন, আমিষের চাহিদা পূরণ তথা জনগণের আর্থিক অবস্থার উন্নয়নে এ বিশ্ববিদ্যালয়ের প্রাণী খামারের ভূমিকা অনন্য। পরিচালক (ফার্ম) এর অধীনে পরিচালিত প্রাণী খামারের প্রাণিগুলো শ্রুতক ও শ্রুতকোস্তর পর্যায়ে শিক্ষা, গবেষণা ও প্রশিক্ষণে সরাসরি ভূমিকা পালন করে থাকে। এনিম্যাল সায়েন্স, এনিম্যাল নিউট্রিশন, মাইক্রোবায়োলজি অ্যান্ড পাবলিক হেল্থ, ফিজিওলজি, বায়োকেমিস্ট্রি অ্যান্ড ফার্মাকোলজি, মেডিসিন অ্যান্ড থেরিওজেনোলজি, এন্যাটমি অ্যান্ড হিস্টোলজি, এনিম্যাল ব্রিডিং অ্যান্ড জেনেটিক্স ইত্যাদি বিভাগের অধীনে বিভিন্ন বিষয়ের ব্যবহারিক ক্লাসগুলো হাতে কলমে শিক্ষাদানে বিশ্ববিদ্যালয়ের প্রাণী খামার অভ্যন্তর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এছাড়াও খামারের অধীনে লার্ভ ব্রুথিং, স্কল ব্রুথিং, নন-ব্রুথিং এনিম্যাল যেমন আছে, তেমনি রিসার্চের জন্য ল্যাবরেটরি এনিম্যাল পালন করা হয়। শ্রুতক পর্যায়ের শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়ে ব্যবহারিক শিক্ষা হাতেকলমে প্রদান, সংশ্লিষ্ট খামারিগণের সমায়োগযোগী হাতেকলমে প্রশিক্ষণ প্রদানসহ গবেষকদের প্রাণী সম্পর্কিত উন্নত গবেষণার ক্ষেত্রে পরিচালক (ফার্ম) গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সর্বোপরি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার কাজে প্রাণী খামার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

লক্ষ্য ও উদ্দেশ্য:

- শিক্ষার্থীদের গবেষণা করার সুযোগ সৃষ্টি করা, শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়ে ব্যবহারিক শিক্ষা হাতেকলমে প্রদান, গবেষকদের প্রাণী সম্পর্কিত উন্নত গবেষণার ক্ষেত্রে সহযোগিতা প্রদান।
- দেশের প্রাণী সম্পদের উন্নয়ন, আমিষের চাহিদা পূরণ তথা নিরাপদ প্রাণিজ বাদ্য উৎপাদনের মাধ্যমে বাদ্য নিরাপত্তা নিশ্চিত করা ও জনস্বাস্থ্যের মান বৃদ্ধিতে আঘলান রাখা।
- ব্যবহারিক শ্রেণিকক্ষে প্রয়োজনীয় প্রাণীদের বিভিন্ন নমুনা প্রদান করা হয়।
- খামারীদের পর্যালোচনা ও হাঁস মুরগী পালন সম্পর্কে হাতেকলমে প্রশিক্ষণ প্রদান।
- স্থানীয় খামারীদের প্রয়োজনীয় প্রাণী চিকিৎসাসেবা ও পরামর্শ প্রদান।

বছরে বরাদ্দকৃত বাজেট ও ব্যয়কৃত টাকা ও ড্যাট ট্যাক্স জমার তথ্য :

| ক্রমিক নং | অর্থ বছর | বরাদ্দকৃত বাজেট | ব্যয়কৃত টাকা | ড্যাট ও ট্যাক্স জমার পরিমাণ |
|--------------|-----------|-----------------|---------------|--------------------------------|
| ১ | ২০২০-২০২১ | ৬,০৬,০০০.০০ | ৬,০৬,০০০.০০ | ৫৭,৫২৬.০০ |
| ২ | ২০২১-২০২২ | ৬,১০,০০০.০০ | ৬,১০,০০০.০০ | ৬৪,০২২.০০ |
| ৩ | ২০২২-২০২৩ | ১৩,৮৫০০০.০০ | ১৩,৮৫০০০.০০ | ১,৫০,৬২৯.০০ |

দুধ বিক্রয় বাবদ প্রাপ্ত অর্থের তথ্য:

| ক্রমিক নং | অর্থ বছর | দুধ বিক্রয় বাবদ প্রাপ্ত অর্থ (প্রায়) | ব্যাংকে জমাকৃত অর্থ |
|--------------|-----------|--|---------------------|
| ১ | ২০২০-২০২১ | ৯২৮৫০.০০ | ৯২৮৫০.০০ |
| ২ | ২০২১-২০২২ | ৭৩,৩৫৮.০০ | ৭৩,৩৫৮.০০ |
| ৩ | ২০২২-২০২৩ | ৮৬,৭১৫.০০ | ৮৬,৭১৫.০০ |

বার্ষিক প্রতিবেদন ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩

প্রাণী খামারের শেডসমূহ:

| ক্রমিক নং | ইউনিটের নাম | বিবরণ |
|-----------|---------------------|---|
| ১ | ডেইরি ইউনিট | ১. ডেইরি শেড, ২. বাছুরের শেড |
| ২ | গোয়ালি ইউনিট | ১. গবেষণা শেড, ২. ব্রয়লার শেড, ৩. লেয়ার শেড, ৪. সোনালী শেড, ৫. কবুতর শেড, ৬. উটপাশি শেড |
| ৩ | ছাগল ও ভেড়া ইউনিট: | ১. ছাগল শেড, ২. ভেড়া শেড |

খামারের প্রাণী সমূহের তথ্য:

| ক্রমিক নং | প্রাণীর নাম | প্রাণীর সংখ্যা | বিবরণ |
|-----------|-------------|----------------|--|
| ১ | খোড়া | ২টি | ২টি |
| ২ | গরু | ১৩টি | দাড়ী-৩টি, হাঁড়-১টি, বকনা বাছুর ২টি |
| ৩ | মহিষ | ৩টি | (মহিষা-২টি, পুরুষ-১টি) |
| ৪ | ছাগল | ২৯টি | ব্লাক বেঙ্গল ছাগল-৮টি যমুনাপড়ি-৬টি, বিটল-২টি, সবকর জাত-১৩টি |
| ৫ | ভেড়া | ১৯টি | দেশী ভেড়া- ১১টি, গাড়ল-৮টি |
| ৬ | ব্রয়লার | ২০০টি | - |
| ৭ | সোনালী | ১০০টি | - |
| ৮ | হাঁস | ৩টি | - |
| ৯ | ময়ূর | ২টি | - |
| ১০ | টাকি | ১টি | - |
| ১১ | আঁচিল | ৬টি | - |
| ১২ | তিত্বির | ২টি | - |

নিলামে বিক্রয়কৃত প্রাণীর বিবরণ:

| ক্রমিক নং | অর্থবছর | নিলামে বিক্রয়কৃত প্রাণীর বিবরণ | ব্যাংকে জমাকৃত অর্থ (টাকা) |
|-----------|-----------|---|----------------------------|
| ১ | ২০২০-২০২১ | বিশ্ববিদ্যালয়ের পরিচালক (ফার্ম) অধীনে পরিচালিত প্রাণী খামার হতে ১টি হাঁড় গরু (ক্রস), ৩টি পাঠা ছাগল এবং ২০টি ভেড়া নিলামের মাধ্যমে বিক্রয় | ২০১৯৫৪.০০ |
| ২ | ২০২১-২০২২ | বিশ্ববিদ্যালয়ের পরিচালক (ফার্ম) এর অধীনে পরিচালিত খামার হতে ১টি গরু, ১০টি ভেড়া নিলাম পত্রিকার মাধ্যমে বিক্রয় হয়। | ১২৪০৪৮.০০ |
| ৩ | ২০২২-২০২৩ | নিলামে কোন প্রাণী বিক্রয় করা হয়নি। | - |

ফড়ার চাষ :

বিশ্ববিদ্যালয়ের পরিচালক (ফার্ম) অধীনে পরিচালিত প্রাণী খামারের বাদ্য সবকবাহের জন্য বিভিন্ন প্রজাতির খাস চাষ করা হয়। উন্নতমানের দানের মধ্যে রয়েছে : ১. নেপিয়র হাইব্রিড, ২. নেপিয়র পাকচোং রেড, ৩. নেপিয়র পাকচোং গ্রিন, ৪. পারা, ৫. জার্মান, ৬. ইপিল-ইপিল, ৭. আলফা-আলফা, ৮. ভুট্টা।

কর্মকর্তা:

১. ড. মো: সাইফুল বারী-পরিচালক
২. ডা. মো: তারিকুল ইসলাম-ম্যানেজার (ফার্ম)
৩. আদিত্য চৌবুরী-সিনিয়র ভেটেরিনারি সার্জন

কর্মচারী: ১০ জন।



হাটহাওয়ারীছ রিসার্চ ও ফার্ম বেইসড ক্যাম্পাসে স্থাপিত পোন্ধি শেড



রিসার্চ ও ফার্ম বেইসড ক্যাম্পাসে স্থাপিত ডেইরি শেড

পরিচালক (বহিরাঙ্গন কার্যক্রম)

ভূমিকা:

পরিচালক (বহিরাঙ্গন কার্যক্রম) দপ্তরের তত্ত্বাবধানে এ বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি মেডিসিন অনুষদ, ফুড সারেন্স অ্যান্ড টেকনোলজি অনুষদ এবং ফিশারিজ অনুষদের শিক্ষার্থীদের ইন্টার্নশিপ কার্যক্রম সাফল্যের সাথে শুরু থেকে বাস্তবায়ন করে আসছে। এ কার্যক্রম বাস্তবায়নে দেশের প্রাণিসম্পদ, খাদ্যবিজ্ঞান ও মাৎস্যবিজ্ঞান সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি, আধাসরকারি, বেসরকারি ও ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান ইন্টার্ন শিক্ষার্থীদের “কাজের মাধ্যমে শিক্ষা” গ্রহণের সুযোগ প্রদান করে এক নতুন ধারার শিক্ষা ব্যবস্থা প্রচলনে নিয়ামকের ভূমিকা পালন করে চলেছে। দক্ষ পেশাবিদ তৈরিতে কর্মস্থলের সঙ্গে শিক্ষা প্রতিষ্ঠানের এইরূপ সহযোগিতা ও অংশীদারিত্ব দেশের শিক্ষা জগতে এক দৃষ্টান্ত স্থাপন করেছে।

ভেটেরিনারি মেডিসিন অনুষদের এক বছর মেয়াদি, ফুড সারেন্স অ্যান্ড টেকনোলজি অনুষদের ছয় মাস মেয়াদি এবং ফিশারিজ অনুষদের তিন মাস মেয়াদি ইন্টার্নশিপ প্রোগ্রাম পরিচালিত হয়। ভেটেরিনারি মেডিসিন অনুষদের শিক্ষার্থীরা ইন্টার্নশিপ কার্যক্রমের অংশ হিসেবে সিলেকশনের ভিত্তিতে University Putra Malaysia, Malaysia, University Malaysia Kelantan, Kagoshima University, Japan, Asam University, India এবং ২/৩ জন শিক্ষকের তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ের অর্থায়নে সকল শিক্ষার্থীরা তামিলনাড়ু ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্স বিশ্ববিদ্যালয় এবং ভেটেরিনারি কলেজ ও রিসার্চ ইনস্টিটিউট, ভরাখানভে, ভারত গমনাগমন করেন। শিক্ষার্থীদের বিদেশ গমনের ব্যবতীয় কার্যদি সম্পন্ন করার পাশাপাশি বাংলাদেশের বিভিন্ন স্থানে সরকারি, আবাদকারি বেসরকারি ও ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান যেমন- রিমাউন্ট ভেটেরিনারি এন্ড ফার্ম ডিপো, মিলিটারি ফার্ম, মিল্ক ভিটা, স্যাটেলাইট ভেটেরিনারি ক্লিনিক, ফার্মসিউটিক্যাল, হ্যাচারি, ফিড মিল, এনজিও, ডেয়ারী ফার্ম, পোশ্টি ফার্ম, হাইভেট ক্রমিকে হাতেকলমে কাজ শেখানোর লক্ষ্যে ইন্টার্ন শিক্ষার্থীদের গ্রুপভিত্তিক পাঠানো হয় এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে সার্বজনিক যোগাযোগ রক্ষা, শিক্ষার্থীদের মনিটরিং, এরোজন অনুসারে আবাসন ব্যবস্থাসহ ব্যবতীয় কার্যদি সম্পন্ন করা হয়। এতোক প্রেসমেন্ট শেবে ফিডব্যাক নেওয়া হয়। ইন্টার্ন শিক্ষার্থীদের প্রতিমাসে নির্দিষ্ট হারে ইন্টার্নশিপ ভাতা প্রদান করা হয়। ফুড সারেন্স অ্যান্ড টেকনোলজি অনুষদ এবং ফিশারিজ অনুষদের শিক্ষার্থীরা দেশের বিভিন্ন খাদ্যবিজ্ঞান এবং মাৎস্যবিজ্ঞান সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে হাতেকলমে কাজ শেখানোর লক্ষ্যে ইন্টার্ন শিক্ষার্থীদের গ্রুপভিত্তিক পাঠানো হয় এবং এ দুই অনুষদের সকল শিক্ষার্থীরা ইন্টার্নশিপ কার্যক্রমের অংশ হিসেবে এক মাসের জন্য বিশ্ববিদ্যালয়ের অর্থায়নে University Malaysia Terengganu, Malaysia তে হাতেকলমে (ব্যবহারিক) কাজ শেখার জন্য গমনাগমন করেন।

নিম্নে তিন অনুষদের ইন্টার্ন শিক্ষার্থীদের প্রেসমেন্টের তালিকা দেওয়া হলো:

| Placement Name of FVM | Placement Name of FFST | Placement Name of FF |
|--|---|---|
| Lab Rotation in CVASU | Universiti Malaysia Terengganu | Universiti Malaysia Terengganu |
| Shaheedul Alam Quadary Teaching Veterinary Hospital, CVASU | Laboratory rotation in CVASU | Cox's Bazar Based Rotation (BFRI, BFDC, Dry Fish Yard, Fishmarket, Fisherman Community) |
| Research and Farm Based Campus, CVASU, Hathazari | Placement rotation in local Food Industries | Rangamati Based Rotation (BFRI, BFDC, DoF, Kaptai Lake) |
| Dairy and Cattle Development Farm, Hathazari, | Training Institute for Chemical Industries, Narasingdi | Hatchery Placement |
| Govt. Goat Development Farm, Hathazari | Non-governmental organization (NGO) Placement | Museum Activities in CVASU |
| Milk Vita, Satellite Veterinary Clinic, Chattogram | Private Hospitals Placement (Nutrition and Diet Management) | Own Placement |

| Placement Name of FYM | Placement Name of FFST | Placement Name of FF |
|--|------------------------|----------------------|
| Private Clinics & Pharmacy Placement | Own Placement | |
| Pharmaceuticals Plant Visit | | |
| Upazilla Veterinary Hospital (Clinical Practices, AI, Extensionwork, Own School & College program, Breeder Farm, Goat Farm, Layer & Boiler Farm, Farmers Training) | | |
| Chattogram Based Rotation Slaughterhouse, Chattogram Zoo, Community Hospital, Regional Poultry Farm, Chattogram, Quarantine Station, | | |
| Dhaka Based Rotation CVH, CDIL, LRI, BLRI, CCBDF, IEDCR, ICDDR, BVC, National Zoo | | |
| Non-governmental Organization (NGO) Placement | | |
| Poultry & Cattle Market Evaluation | | |
| Cattle Market Medical Team | | |
| Bangabandhu safari park, Cox'sbazar | | |
| Remount Veterinary and Farm, Dhaka Depot Military Farm, Chattogram | | |
| Teaching and Training Pet Hospital and Research Center, CVASU, Dhaka | | |
| University Malaysia Kelantan & University Putra Malaysia, Malaysia | | |
| Kagoshima University, Japan | | |
| Madras Veterinary College & Tamil Nadu Veterinary & Animal Sciences University & Assam University, India | | |
| Internship Conference | | |

২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরের বাজেট বরাদ্দ:

| ক্র. নং | খাতের নাম | বাজেট বরাদ্দ (২০২০-২১) | বাজেট বরাদ্দ (২০২১-২২) | বাজেট চাহিদা (২০২২-২৩) |
|---------|------------------------------------|------------------------|------------------------|------------------------|
| ১ | সেমিনার, কনফারেন্স | - | ৫২,০০০.০০ | ৫২,০০০.০০ |
| ২ | অন্যান্য শিক্ষা আনুষ্ঠানিক (বিবিধ) | ১০,৮০০.০০ | ৭৪,০০০.০০ | ৭৪,০০০.০০ |
| ৩ | ইন্টার্ন / শিক্ষানবীশ ভাতা | ৩৭,২১,৭৮০.০০ | ১,২৮,২০,৪০৯.০০ | ১,০২,৩৭,১৭৫.০০ |
| | মোট | ৩৭,৩২,৫৮০.০০ | ১,২৯,৪৬,৪০৯.০০ | ১,০৩,৬৩,১৭৫.০০ |

পরিচালক:

১. প্রফেসর ড. এ.কে.এম সাইফুলীন, ডিভিএম, এমএসসি (ফার্মাকোলজি) ও ডিপ্লোমা (রেভিএলজি), পিএইচডি
কর্মচারী: ২



University Malaysia Terengganu এর ল্যাবে স্ক্রুড সায়েন্স অ্যান্ড টেকনোলজি অনুষদের
১০ম ব্যাচের শিক্ষার্থীদের একাংশ



University Malaysia Terengganu তে ফিশারিজ অনুষদের ৭ম ব্যাচের শিক্ষার্থীরা

অর্থ ও হিসাব দপ্তর

ভূমিকা:

বিশ্ববিদ্যালয়ের যাবতীয় আর্থিক লেনদেন অর্থ ও হিসাব অফিসের মাধ্যমে পরিচালিত হয়। অর্থ ও হিসাব অফিসের প্রধান হিসাবে আর্থিক বিষয়ে উপাচার্য মহোদয়কে পরিচালক (অর্থ ও হিসাব) পরামর্শ দিয়ে থাকেন। পরিচালক (অর্থ ও হিসাব) অর্থ কমিটির সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করেন। বিশ্ববিদ্যালয়ের যাবতীয় আর্থিক লেনদেন যথাযথভাবে সম্পাদন এবং এতদসংক্রান্ত হিসাব সংরক্ষণ করা অর্থ ও হিসাব অফিসের মূল দায়িত্ব।

অর্থ ও হিসাব দপ্তরের কার্যক্রম:

১. বিশ্ববিদ্যালয়ের জনবলের বেতন-ভাতা ও পেনশনের প্রয়োজন নির্ণয় করে বিভিন্ন দপ্তর ও বিভাগের চাহিদার ভিত্তিতে সামগ্রিক বাজেট প্রণয়ন, অর্থ কমিটি ও সিডিকেটে অনুমোদন গ্রহণ, প্রণীত বাজেট বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে প্রেরণ, অনুমোদন ও অর্থ ছাড়করণের মাধ্যমে প্রয়োজনীয় অর্থের সংস্থান করা।
২. বিশ্ববিদ্যালয়ের প্রণীত আর্থিক বিধিবিধান এবং সরকারি আর্থিক বিধিবিধানের আলোকে উপাচার্য মহোদয়ের নির্দেশনা অনুযায়ী অনুমোদিত বাজেট বাস্তবায়নের জন্য তহবিলের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা।
৩. বিশ্ববিদ্যালয়ের প্রতিটি লেনদেন যথাযথভাবে লিপিবদ্ধ করা, মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব তৈরি করা এবং এতদসংক্রান্ত যাবতীয় কাজ সম্পন্ন করা।
৪. বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতা ও পেনশন সংক্রান্ত পাওনাদি পরিশোধ করা। বেতন-ভাতা হতে বাড়িভাড়া, স্লিপিএফ, গ্রুপ ইনস্যুরেন্স তথ্যাবলী সংরক্ষণ করা।
৫. বিশ্ববিদ্যালয়ের রাজস্ব বাজেটের চলতি সনের সংশোধিত ও পরবর্তী বছরের মূল বাজেট চাহিদা নিরূপণ করা এবং এতদবিধয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চাহিদা প্রেরণ পূর্বক অর্থ ছাড়করণে যথাযথ ভূমিকা পালন করা।
৬. বিভাগ/অফিসসমূহের পূর্ববর্তী বছরের প্রকৃত ব্যয়, চলতি বছরের চাহিদা এবং চলতি বছরের বিমক বরাদ্দের আলোকে বিভাগ/অফিসসমূহের বাজেট চূড়ান্তকরণ, ঐ ক্ষেত্রে বাজেট ছাড়করণ ও সমন্বয় গ্রহণ এবং এতদসংক্রান্ত যাবতীয় হিসাব সংরক্ষণ করা।
৭. বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন তহবিল যেমন-সাধারণ ভবিষ্যৎ তহবিল, পেনশন তহবিল, যৌথবীমা তহবিল, কল্যাণ তহবিল ইত্যাদির কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা, হিসাব সংরক্ষণ এবং উদ্বৃত্ত অর্থের বিনিয়োগসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা।
৮. বিশ্ববিদ্যালয়ের ঠিকাদার, সরবরাহকারী এবং অন্যান্যদের সকল প্রকার পাওনাসমূহ নিয়মানুযায়ী পরিশোধ করা এবং তাদের বিল হতে কর্তনকৃত ভ্যাট, আয়কর সরকারি কোষাগারে জমা করা।
৯. ছাত্রছাত্রীদের বিভিন্ন ফিস যেমন-ভর্তি ফি, জামানত ফি, হোস্টেল ফি, পরীক্ষার ফি ইত্যাদি আদায়ের ব্যবস্থা করা ও যথাযথভাবে হিসাব সংরক্ষণ করা এবং তাদের অভ্যন্তরীণ ও বহিঃ বৃত্তি, ইস্টার্নশীপ, ফিল্ডওয়ার্ক ও শিক্ষা সহায়ের ব্যয় ইত্যাদি যথানিয়মে পরিশোধের ব্যবস্থা করা।
১০. বিশ্ববিদ্যালয়ের অন্যান্য আয় যেমন-এনিম্যাল প্যাবলজি ফি, সি এস টেস্ট ফি, এনিম্যাল ট্রিটমেন্ট ফি, অপারেশন ফি, ফিড এনালিসিস ফি, দুধ বিক্রি, বিভিন্ন স্থাপনার ভাড়া আদায় ও নিলামে বিক্রয়সহ অর্থ ফ্যান্ডিং আদায়ের ব্যবস্থা করা এবং তদসংক্রান্ত হিসাব সংরক্ষণ করা।

অর্থ ও হিসাব অফিসের উপরোক্ত কার্যসমূহ হিসাব শাখা, বেতন বিল শাখা, ভাড়া ও আদায় শাখা, নগদ শাখার মাধ্যমে সম্পন্ন করা হয়। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের মানিক বেতন, পেনশন, কল্যাণ তহবিল, ছাত্রবৃত্তি, মূল এবং সংশোধিত বাজেট, মাসিক/বার্ষিক, আয়-ব্যয় প্রতিবেদন, অগ্রিম প্রদানের হিসাব, সাধারণ ভবিষ্যৎ তহবিলের হিসাব, খাণ্ডওয়ারি খরচের বাজেট ক্লিয়ারেন্স ইত্যাদির হিসাব-নিকাশ কম্পিউটারের মাধ্যমে সম্পন্ন করা হয়।

বার্ষিক প্রতিবেদন ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩

রাজস্ব তহবিল:

বিশ্ববিদ্যালয়ের রাজস্ব তহবিলের ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরের প্রাপ্তি ও পরিশোধের হিসাব:

রাজস্ব তহবিল (২০২০-২১)
প্রাপ্তি-পরিশোধ হিসাব

| প্রাপ্তি | | পরিশোধ | |
|---|--------------------|-------------------------------------|--------------------|
| বিবরণ | টাকা (লক্ষ টাকায়) | বিবরণ | টাকা (লক্ষ টাকায়) |
| পূর্ববর্তী বছরের প্রারম্ভিক উদ্ধৃত | ১০৩.০১ | বেতন-ভাতা সহায়তা | ১৫১৪.৩৯ |
| বিমক এর মোট অনুদান বরাদ্দ | ১০৫০.০০ | ভাতাদি বাবদ সহায়তা | ১১৪৭.০৭ |
| বিমক এর বিশেষ অনুদান (আবাসিক + অনাবাসিক) | ৬৫.০০ | পথা ও সেবা বাবদ সহায়তা | ৯৩৩.৩৫ |
| বিশ্ববিদ্যালয়ের মোট নিজস্ব আয় | ৬৩০.৮৬ | পেনশন ও অবসর সুবিধা | ১৫৬.৯৬ |
| | | গবেষণা অনুদান | ১২২.৯৪ |
| | | অন্যান্য অনুদান | ৫৫.৫৩ |
| | | মূলধন অনুদান | ৫২৭.৩৮ |
| | | বিশেষ অনুদান (আবাসিক + অনাবাসিক) | ৫৭.৪৭ |
| | | সমাপনী স্থিতি | ৬৩৩.৭৮ |
| মোট প্রাপ্তি | ৫১৪৮.৮৭ | মোট পরিশোধ | ৫১৪৮.৮৭ |

রাজস্ব তহবিল (২০২১-২২)
প্রাপ্তি-পরিশোধ হিসাব

| প্রাপ্তি | | পরিশোধ | |
|------------------------------------|--------------------|-------------------------|--------------------|
| বিবরণ | টাকা (লক্ষ টাকায়) | বিবরণ | টাকা (লক্ষ টাকায়) |
| পূর্ববর্তী বছরের প্রারম্ভিক উদ্ধৃত | ৬৩৩.৭৮ | বেতন-ভাতা সহায়তা | ১৬৩০.৮৬ |
| বিমক এর মোট অনুদান বরাদ্দ | ৪৮০৩.০০ | ভাতাদি বাবদ সহায়তা | ১৪৪৭.৬৩ |
| বিশ্ববিদ্যালয়ের মোট নিজস্ব আয় | ২৩৭.৪৮ | পথা ও সেবা বাবদ সহায়তা | ১১১৫.২৯ |
| | | পেনশন ও অবসর সুবিধা | ৪৬.৩৯ |
| | | গবেষণা অনুদান | ১১৮.৪৬ |
| | | অন্যান্য অনুদান | ৪৮.১৫ |
| | | মূলধন অনুদান | ২০৭.৯৯ |
| | | সমাপনী স্থিতি | ১০৫৯.৪৯ |
| মোট প্রাপ্তি | ৫৬৭৪.২৬ | মোট পরিশোধ | ৫৬৭৪.২৬ |

রাজস্ব তহবিল (২০২২-২৩)
প্রাপ্তি-পরিশোধ হিসাব

| প্রাপ্তি | | পরিশোধ | |
|--------------------------------------|--------------------|-------------------------------|--------------------|
| বিবরণ | টাকা (লক্ষ টাকায়) | বিবরণ | টাকা (লক্ষ টাকায়) |
| পূর্ববর্তী বছরের প্রারম্ভিক উদ্বৃত্ত | ১০৫৯.৪৮ | বেতন-ভাতা সহায়তা | ১৭৮১.৬৬ |
| বিমক এর মোট অনুদান বরাদ্দ | ৩৫৩৩.০০ | ভাতাদি বাবদ সহায়তা | ১৩৯৩.৮৮ |
| বিশ্ববিদ্যালয়ের মোট নিজস্ব আয় | ৪১৩.০৩ | পন্য ও সেবা বাবদ সহায়তা | ৯৪৪.৫৩ |
| | | পেনশন ও অবসর সুবিধা | ৪৬.০২ |
| | | গবেষণা অনুদান | ১৫৬.৫৯ |
| | | প্রাথমিক স্বাস্থ্যসেবা অনুদান | ১৯.৭৩ |
| | | অন্যান্য অনুদান | ৫৩.৩১ |
| | | মূলধন অনুদান | ৬২.২০ |
| | | সমাপনী স্থিতি | ৫৪৭.৫৯ |
| মোট প্রাপ্তি | ৫০০৫.৫১ | মোট পরিশোধ | ৫০০৫.৫১ |

উন্নয়ন তহবিল:

ক) চট্টগ্রামস্থ হাটহাজারী এলাকায় অত্র বিশ্ববিদ্যালয়ের অধীনে রিসার্চ ও ফার্ম বেইসড ক্যাম্পাস স্থাপনের জন্য সরকার ২০ একর জায়গা বরাদ্দ প্রদান করেছেন। উক্ত জায়গায় শিক্ষামন্ত্রণালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অধীনে চট্টগ্রাম ডেভেলপমেন্ট ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাস স্থাপন শীর্ষক উন্নয়ন প্রকল্পের কাজ গত ২০১৬-১৭ অর্থ বছরে শুরু হয়েছে। প্রকল্পের মূল বরাদ্দ ছিল ১৭৮৯৭.০০ লক্ষ টাকা। বর্তমানে প্রকল্পের কিছু খাতের ত্রুটিসূচী বৃদ্ধি এবং কিছু খাতের নতুন অন্তর্ভুক্তির কারণে সংশোধিত প্রকল্প বরাদ্দ ২২১০১.৭৫ লক্ষ টাকা অনুমোদিত হয়েছে। প্রকল্পের ২০১৬-১৭ হতে ২০২২-২৩ অর্থ বছর পর্যন্ত বরাদ্দের পরিমাণ ১৮৭০০.৭৪ লক্ষ টাকা।

খ) শিক্ষামন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের নিয়ন্ত্রণে চট্টগ্রাম ডেভেলপমেন্ট ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের অধীনে ঢাকাস্থ পূর্বাচল টিচিং অ্যান্ড ট্রেনিং পেস্ট হাসপাতাল ও গবেষণা কেন্দ্র এবং কক্সবাজারস্থ গবেষণা কেন্দ্রের গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্পের কাজ চলতি ২০২২-২৩ অর্থ বছরে শুরু হয়েছে। প্রকল্পের মোট বরাদ্দ ৪৭২৮.০০ লক্ষ টাকা এবং চলতি ২০২২-২৩ অর্থ বছরের বরাদ্দের পরিমাণ ২২৮.০০ লক্ষ টাকা।

গবেষণা বাজেট:

বিশ্ববিদ্যালয়ের রাজস্ব বাজেটের আওতাধীন ছাত্রছাত্রী ও শিক্ষকবৃন্দের গবেষণা কার্যক্রমের জন্য ২০২০-২১ অর্থ বছরে ১২১.০০ লক্ষ টাকা, ২০২১-২২ অর্থ বছরে ১১৯.০০ লক্ষ টাকা এবং ২০২২-২৩ অর্থ বছরে ১৫৭.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। রাজস্ব বাজেটের বাইরে বিভিন্ন সংস্থার অর্থায়নে ও বিভিন্ন গবেষণা কার্যক্রম সম্পন্ন হয় যার বিস্তারিত তথ্য গবেষণা ও সম্প্রসারণ অফিসে সংরক্ষিত থাকে। ২০২২-২৩ অর্থ বছরে অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও শিক্ষকদের রাজস্ব বাজেট ও বিভিন্ন সংস্থার অর্থায়নে পরিচালিত গবেষণা কার্যক্রমের মোট পরিমাণ ১৫৬২.০০ লক্ষ টাকা।

কর্মকর্তা:

১. মো: আবুল কালাম-পরিচালক
২. তৌহিদুল হক-সহকারী পরিচালক
৩. অজিত কুমার পাল-সহকারী পরিচালক
৪. সুদীপ চন্দ-সহকারী পরিচালক

কর্মচারী: ৫ জন

পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর

ভূমিকা:

পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নবিসয়ক কার্যাবলীর সমন্বয়ক দপ্তর। চট্টগ্রাম সরকারি ভেটেরিনারি কলেজ বিলুপ্ত ও রূপান্তরক্রমে বিশ্ববিদ্যালয় হওয়ার পর এই দপ্তর সৃষ্টি হয়। পরিকল্পনা ও উন্নয়ন দপ্তরের সার্বিক কার্যক্রমের তথ্য নিম্নে উল্লেখ করা হলো।

পরিকল্পনা ও উন্নয়ন দপ্তরের উপর দায়িত্ব ও কর্তব্য:

১. বিশ্ববিদ্যালয়ের উন্নয়নের বার্ষিক স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়ন করা।
২. বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন কমিটি কর্তৃক প্রণীত কার্যক্রম মাননীয় উপাচার্য অথবা সিন্ডিকেটের অনুমোদন সাপেক্ষে যথাযথভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।
৩. বিশ্ববিদ্যালয়ের মানস্টারপ্র্যান প্রণয়ন ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ।
৪. বিশ্ববিদ্যালয়ের চাইল্ড/মানস্টারপ্র্যান অনুযায়ী উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রণয়ন করে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাধ্যমে শিক্ষামন্ত্রণালয়/অর্থ মন্ত্রণালয়/পরিকল্পনা কমিশন হয়ে একমতক্রমে অনুমোদনক্রমে জন্ম গ্রহণ করা।
৫. মন্ত্রণালয় কর্তৃক নিষিদ্ধিত বরাদ্দ অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এজিপি) ও বার্ষিক উন্নয়ন বাজেট প্রণয়ন এবং তা অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করা।
৬. অর্থ বছরের মাঝামাঝি মন্ত্রণালয় হাতে প্রাপ্ত সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএজিপি) পূর্ণাবিন্যাস করে অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করা।
৭. প্রতিবছর বিশ্ববিদ্যালয় উন্নয়নের জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ এবং এ ব্যাপারে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শিক্ষা মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশনসহ আইএমইডি এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা।
৮. বিশ্ববিদ্যালয়ের চলমান উন্নয়ন প্রকল্পের অগ্রগতি, খরচ, রিপোর্ট প্রণয়ন এবং এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা।
৯. চলমান উন্নয়ন প্রকল্পের জন্য এজিপি বরাদ্দকৃত অর্থ ছাড়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাথে যোগাযোগ রক্ষা করা।
১০. উন্নয়ন কার্যক্রম ত্বরান্বিত করা যাতে প্রকল্পের নির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জন করা যায় এবং এ ব্যাপারে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের সাথে যোগাযোগ রক্ষাসহ উপাচার্য মহোদয়কে অবহিত করা।
১১. উন্নয়নমূলক কাজের সাথে জড়িত আইনি প্রক্রিয়াসমূহ সম্পাদন করা।
১২. সংবিধি দ্বারা নির্ধারিত সিন্ডিকেট/মাননীয় উপাচার্য কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।
১৩. প্রতি তিন মাস অন্তর অন্তর পরিকল্পনা ও উন্নয়ন কমিটির মিটিংয়ের ব্যবস্থা করা।
১৪. উন্নয়ন প্রকল্পের আওতায় ডিপিপিতে বর্ণিত প্রকল্প স্টয়ারিং কমিটি (পিএসসি) এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর সভা আয়োজন এবং সভাসমূহের কার্যবিবরণী অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
১৫. উন্নয়ন প্রকল্প পরিদর্শনের নিমিত্তে গঠিত পরিদর্শক টিমের সফরসূচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
১৬. বিশ্ববিদ্যালয়ের চাইল্ড/মানস্টারপ্র্যান অনুযায়ী খুগোপযোগী অনুবদ/বিভাগ/ইনস্টিটিউট/গবেষণা কেন্দ্র চালুকরণের জন্য ব্যবস্থা গ্রহণ।
১৭. উন্নয়ন প্রকল্পের আওতায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/ইনস্টিটিউট/গবেষণা কেন্দ্র/দপ্তর এর জন্য মাঝামাঝি তথ্য বৈজ্ঞানিক যন্ত্রপাতি, কেমিক্যালস, গ্লাসওয়ার, সামগ্রিকী, অফিস সরঞ্জাম ইত্যাদি সঞ্চয়ের জন্য পিপিবার অনুযায়ী ব্যবস্থা গ্রহণ।
১৮. উন্নয়ন সংক্রান্ত কিংবা উপাচার্য মহোদয়ের নির্দেশে ট্রেনিংয়ের আয়োজন/মনোনয়ন প্রদান।
১৯. চিঠিপত্র, রিপোর্ট ইত্যাদি গ্রহণ ও প্রেরণ।
২০. ব্যক্তিগত নথি সংক্রান্ত কার্যাদি সম্পাদন।

চলমান প্রকল্প:

- চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের ২য় ক্যাম্পাস স্থাপন শীর্ষক প্রকল্প।
২য় ক্যাম্পাস স্থাপন শীর্ষক প্রকল্পের বিভিন্ন তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলো:

| | | |
|---|-----------------------|--|
| ১ | প্রকল্প বাস্তবায়নকাল | ৩১ ফেব্রুয়ারি ২০১৬ হতে জুন ২০১৯, কোভিডসহ নানাবিধ কারণে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করে বর্তমানে ৩১ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। |
| ২ | প্রকল্প এলাকা | পাহাড়তলী ও হাটহাঙ্গারী, চট্টগ্রাম। |
| ৩ | অর্থের উৎস (পরিমাণসহ) | জিওবি ২৩০৬২.৭৫ লক্ষ টাকা |
| ৪ | প্রাকল্পিত ব্যয় | ২৩০৬২.৭৫ লক্ষ টাকা |

- ঢাকাস্থ পূর্বাচলে সিভাসুর টিচিং ও ট্রেনিং পेट হাসপাতাল ও গবেষণা কেন্দ্র স্থাপন এবং কক্সবাজারস্থ গবেষণা কেন্দ্রের গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্প।

| | | |
|---|-----------------------|---|
| ১ | প্রকল্প বাস্তবায়নকাল | ৩১ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত, তবে মেয়াদ বৃদ্ধির অনুমোদন প্রক্রিয়াধীন। |
| ২ | প্রকল্প এলাকা | পূর্বাচল, ঢাকা এবং মরিজানগর, কক্সবাজার। |
| ৩ | অর্থের উৎস (পরিমাণসহ) | জিওবি ৪৭২৮.০০ লক্ষ টাকা |
| ৪ | প্রাকল্পিত ব্যয় | ৪৭২৮.০০ লক্ষ টাকা |

কর্মকর্তা:

১. প্রফেসর ড. মোহাম্মদ আসমগীর হোসেন-পরিচালক
২. কাজী রবিউল হাসান-সহকারী রেজিস্ট্রার
৩. আবু মোহাম্মদ আরিফ-সহকারী পরিচালক (চ.দা.)

প্রক্টর অফিস

ভূমিকা:

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় (সিতাসু) প্রতিষ্ঠার পর দীর্ঘদিন বিলুপ্ত চট্টগ্রাম সরকারি ভেটেরিনারি কলেজ-এর ছাত্রছাত্রী শৃঙ্খলা বিধি অনুযায়ী পরিচালিত হয়েছে। এই বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা এতটাই সুশৃঙ্খল ছিল যে, ২০১০ সালের পূর্বে বিশ্ববিদ্যালয়ে কোন প্রক্টর কিংবা সহকারী প্রক্টর এর প্রয়োজন হয়নি। পরিস্থিতির দাবীতে ২০১০ সালে অন্যান্য বিশ্ববিদ্যালয়ের আঙ্গিকে Rules Regarding Students' Discipline and the Proctorial Rules প্রণয়ন করা হয় যা ০৭, ডিসেম্বর ২০১৯-এ আরও যুগোপযোগী ও কার্যকরী করা হয়। বিশ্ববিদ্যালয়ের মানসম্মত শিক্ষা ও গবেষণাসহ অন্যান্য কার্যক্রমসমূহ সুচারুরূপে পরিচালিত হওয়ার পরিবেশ নিশ্চিত করা। শিক্ষা ও গবেষণাসহ অন্যান্য কার্যক্রমসমূহ সুচারুরূপে সম্পন্ন হওয়ার পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে সার্বিক শৃঙ্খলা বজায় রাখার নিমিত্তে এ দপ্তর সর্বদা নিয়োজিত।

প্রক্টর দপ্তরের ভিশন ও মিশন:

ভিশন: রাষ্ট্রীয় ও বিশ্ববিদ্যালয়ে আইন-কানুন, বিধি-বিধান এর প্রতি শ্রদ্ধাশীল মনোভাব তৈরির মাধ্যমে শিকার্দী এবং বিশ্ববিদ্যালয় অতিষ্ঠ লক্ষ্যে পৌঁছানো।

মিশন: শান্তি-শৃঙ্খলা সমুন্নত রেখে বিশ্ববিদ্যালয়ে মানসম্মত শিক্ষা ও গবেষণাসহ অন্যান্য কার্যক্রমসমূহ সুচারুরূপে পরিচালনায় অনুকূল পরিবেশ নিশ্চিত করা।

সেবা কার্যক্রমসমূহ:

কার্যক্রম:

১. বিশ্ববিদ্যালয় এলাকার সর্বত্র (আবাসিক হল ব্যতীত) ছাত্রছাত্রীদের শৃঙ্খলা ও আচরণ তত্ত্বাবধান করা। এমনকি বিশ্ববিদ্যালয় চত্বরের বাহিরেও ছাত্রছাত্রীদের শৃঙ্খলা, আচরণ ও সদ্যবহারের নিশ্চয়তা বিবানে যেকোন ছাত্রছাত্রীর বিরুদ্ধে উক্ত শাখা বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা নিয়ে থাকে।
২. ছাত্রছাত্রী সংশ্লিষ্ট বিভিন্ন অনাকাঙ্ক্ষিত ঘটনার রক্তনিষ্ঠ বিচারের জন্য Students' Discipline Committee-র সভা আয়োজন করা এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা।
৩. আইন প্রয়োগকারী বিভিন্ন সংস্থার সাথে যোগাযোগ রক্ষা করা।
৪. বিশ্ববিদ্যালয়ের সম্পদের ক্ষতিসাধনকারী ছাত্রছাত্রীদের বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা।
৫. প্রক্টরের অনুমতি ব্যতীত ক্লাস চলাকালীন সময়ে কোন ছাত্রছাত্রী কিংবা বহিরাগত বিশ্ববিদ্যালয় এলাকায় যাতে মাইক বা লাউড স্পিকার ব্যবহার করতে না পারে তা নিশ্চিত করা।
৬. প্রক্টরের অনুমোদন ব্যতিরেকে বিশ্ববিদ্যালয় চত্বরে কোন সভা, সম্মেলন কিংবা বিকোভ হর্দর্শন না করার বিষয়টি নিশ্চিত করা।
৭. ছাত্রছাত্রীদের Rules Regarding General Discipline সম্পর্কে সজাগ করা।
৮. ছাত্রছাত্রীদের অতিভাবকের সাথে যোগাযোগ রাখা করা এবং ফাইনাল পরীক্ষার ফলাফল পরবর্তীতে অতিভাবকদের অবগত করা।

ক) নাগরিক সেবা:

১. রাষ্ট্রীয় ও বিশ্ববিদ্যালয়ের আইন-কানুন এবং বিধি-বিধান এর মাধ্যমে ছাত্রছাত্রীদের শিক্ষা ও গবেষণাসহ অন্যান্য সকল একাডেমি এবং মনোবৃত্তি কার্যক্রমসমূহ সুচারুরূপে পরিচালিত হওয়ার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সার্বিক শান্তি-শৃঙ্খলা সমুন্নত রাখার পরিবেশ বজায় রাখা।
২. বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সবাচরণ নিশ্চিত করা।

৩. রাষ্ট্রীয় এবং বিশ্ববিদ্যালয়-এর নিয়ম শৃঙ্খলার প্রতি শিক্ষার্থীদের কাজিত নুষ্টিভঙ্গি তৈরি করা।
৪. শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক স্বাস্থ্য সুরক্ষার মাধ্যমে সু-নাগরিক হিসেবে গড়ে তোলার পরিবেশ বজায় রাখা।
৫. বিশ্ববিদ্যালয়ে শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য Rules relating to students' discipline and the proctorial rules (approved by 44th Syndicate meeting, 2019) অনুযায়ী ডিসিপ্লিনারি কার্যক্রম পরিচালনা করা।
৬. বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট নিয়মানুযায়ী ছাত্রছাত্রী হলে অবস্থানরত ছাত্রছাত্রীদের ডিসিপ্লিনারি নিয়ম-কানুন বাস্তবায়ন করা।
৭. শিক্ষার্থীরা ক্যাম্পাসে অথবা পার্শ্ববর্তী স্থানে কোন অনুষ্ঠান/সভা-সম্মেলন/মঞ্চস্থ/কোন ধরনের মিছিল-মিটিং বা প্রদর্শনী করার অনুমতি প্রদান করা।
৮. শিক্ষার্থীর শান্তি-শৃঙ্খলা সংশ্লিষ্ট কর্মকাণ্ড প্রয়োজনে অভিভাবক ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সাথে আলোচনার মাধ্যমে সমাধান করা।

খ) প্রাতিষ্ঠানিক সেবা:

১. বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ কর্মকাণ্ডসমূহ রাষ্ট্রীয় রীতিনীতি ও নিয়ম শৃঙ্খলার সাথে সমন্বয় করা।
২. বিশ্ববিদ্যালয়ের সার্বজনিক নিরাপত্তা নিশ্চিতকরণে বিভিন্ন আইন প্রয়োগকারী সংস্থার সাথে যোগাযোগ রক্ষা করা।
৩. অন্য প্রতিষ্ঠান/সংস্থা বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পাসে কোন ধরনের অনুষ্ঠান/সভা-সম্মেলন/ক্যাম্পিং/ খেলাধুলা/ পরিদর্শন করার অনুমতি প্রদান করা।
৪. সরকারের বিভিন্ন শান্তি-শৃঙ্খলা সংক্রান্ত সংস্থাসমূহের সাথে বিশ্ববিদ্যালয়ের শান্তি-শৃঙ্খলা সংক্রান্ত তথ্য-উপাত্ত ও ঘটনাসমূহের সমন্বয় করা।

গ) অভ্যন্তরীণ সেবা:

১. শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের সার্বিক শান্তি শৃঙ্খলা ও নিরাপত্তা সংশ্লিষ্ট কর্মকাণ্ড ও তথ্য সরবরাহ করার মাধ্যমে শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করা।

কর্মকর্তা:

১. প্রফেসর ড. মোহাম্মদ মেজবাহ উদ্দিন-প্রক্টর
২. ডা. মো. বিদুয়ান পাশা-সহকারী প্রক্টর

কর্মচারী: ২ জন

পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর

ভূমিকা:

বিশ্ববিদ্যালয়ের আইন, পরীক্ষা সংক্রান্ত বিধি, একাডেমিক অর্ডিন্যান্স, একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক প্রণীত নিয়মাবলী ও সিদ্ধান্ত এবং বিশ্ববিদ্যালয়ের বিধান দ্বারা নির্ধারিত এবং আইন-চ্যান্সেলর কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুসারে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরের কার্যাবলী পরিচালিত হয়ে থাকে।

পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরের কার্যক্রম নিম্নরূপ-

১. পরীক্ষা সংক্রান্ত দাপ্তরিক কার্যক্রম ও প্রস্তাবসমূহ বিশ্ববিদ্যালয়ের বিধিবিধান মোতাবেক পরীক্ষা নিয়ন্ত্রকের মাধ্যমে কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা এবং অনুমোদন গ্রহণ করা ও কার্য সম্পাদন করা।
২. পরীক্ষা সংক্রান্ত নকল প্রকার চিঠিপত্র গ্রহণ এবং বিতরণ করা।
৩. পরীক্ষা সংক্রান্ত সকল প্রকার প্রস্তুতি ও পরীক্ষা হল ব্যবস্থাপনা সম্পন্ন করা।
৪. পরীক্ষা কমিটির সদস্য, প্রশ্নকর্তা ও পরীক্ষক নিয়োগের বিষয়ে পরীক্ষা নিয়ন্ত্রকের মাধ্যমে কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা ও নিয়োগ প্রদান করা।
৫. পরীক্ষা অনুষ্ঠানের তারিখ ঘোষণা এবং পরীক্ষা গ্রহণের যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা।
৬. পরীক্ষার ফরম গ্রহণ এবং সেই অনুযায়ী পরীক্ষার্থীদের প্রবেশপত্র বিতরণ করা।
৭. পরীক্ষার ফলাফলসমূহ প্রকাশ এবং ফলাফল সংক্রান্ত যাবতীয় পরিসংখ্যান তৈরি করা।
৮. একাডেমিক কাউন্সিলের সুপারিশক্রমে এবং সিন্ডিকেটের অনুমোদনক্রমে স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে ছাত্রছাত্রীদের ডিগ্রি প্রদান করা।
৯. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় গোপনীয় রেকর্ড (ফলাফল, টেলেশশনশীট ইত্যাদি) সংরক্ষণ করা।
১০. মূল সনদ, সাময়িক সনদ, ট্রান্সক্রিপ্ট, মার্কশীট, কোর্স সমাপনী সার্টিফিকেট তৈরি এবং বিতরণের ব্যবস্থা করা।
১১. সকল প্রকার সনদের ছি-নকল/ডি-নকল মূল কপি তৈরি ও বিতরণের ব্যবস্থা করা।
১২. পরীক্ষা সংক্রান্ত সকল প্রকার ফরম, সনদপত্র, নথিপত্র, পরীক্ষার স্মারক, টেলেশশনশীট ইত্যাদি ছাপানোর ব্যবস্থা করা, সংরক্ষণ এবং চাহিদা মোতাবেক বিভিন্ন দপ্তরে সরবরাহ করা।
১৩. পরীক্ষালব্ধ পরীক্ষা সংক্রান্ত পরিতোষিক বিল যাচাই করা এবং পরিশোধের জন্য অর্থ ও হিসাব দপ্তরে প্রেরণ করা।
১৪. ইনভিজিটর, ব্যবহারিক পরীক্ষার আপ্যানন স্মারক, পরীক্ষা হলে নিয়োজিত সহায়ক কর্মচারীদের ভাতা এবং বহিঃ পরীক্ষকদের টিএ/ডিএ বিল প্রদানের ব্যবস্থা গ্রহণ করা।
১৫. সকল প্রকার সনদপত্র সত্যায়িত এবং তেরিফিকেশন করা।

১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর-২০২০, ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর-২০২১ এবং ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর-২০২২ পর্যন্ত স্নাতক, স্নাতকোত্তর এবং পিএইচডি পর্যায়ে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের তালিকা দেওয়া হলো:

| বর্ষ | কোর্স | পরীক্ষার্থীর সংখ্যা | উত্তীর্ণ ছাত্রছাত্রীর সংখ্যা | মন্তব্য |
|-----------------------------------|-------------|---------------------|------------------------------|---------|
| ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর-২০২০ | স্নাতক | ১৫৭ | ১৫৭ | |
| | স্নাতকোত্তর | ৪৪ | ৩০ | |
| | পিএইচডি | ১ | ১ | |
| ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর-২০২১ | স্নাতক | ৩ | ৩ | |
| | স্নাতকোত্তর | ৮২ | ৭৭ | |
| | পিএইচডি | - | - | |
| ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর-২০২২ | স্নাতক | ২৫১ | ২৪৫ | |
| | স্নাতকোত্তর | ১৫৬ | ১৪৩ | |
| | পিএইচডি | ১ | ১ | |

কর্মকর্তা:

১. মো: আবুল কাসেম, বিএ (সম্মান), (জবি), এমএ, ইংরেজি (রাবি)-পরীক্ষা নিয়ন্ত্রক
২. ড. মো: মুল্লুজ্জামান, বিএসসি (সম্মান), এমএসসি (রাবি), পিএইচডি (HZAU, China, বায়োকেমিস্ট্রি অ্যান্ড মলিকুলার বায়োলজি)-উপপরীক্ষা নিয়ন্ত্রক
৩. মো: মহসীন মিয়া, বিএসসি (সম্মান), এমএসসি (ইজি), এমফিল, সিএসই (চবি)-উপপরীক্ষা নিয়ন্ত্রক
৪. পাপিয়া সেন, বিবিএ (সম্মান), এমবিএ (জাতীয় বিশ্ববিদ্যালয়)-সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
৫. রতন চন্দ্র মহম্মদার, বিএসএস, এমএসএস-নেকশন অফিসার

কর্মচারী: ৪ জন

প্রকৌশল দপ্তর

ভূমিকা:

প্রকৌশল অফিস বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল সংক্রান্ত সার্বিক কাজে সেবা প্রদানকারী একটি গুরুত্বপূর্ণ অফিস। এ অফিসের অধীনে প্রকৌশলী, কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীগণ বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ রাজস্ব ও উন্নয়ন প্রকল্পের কাজ বাস্তবায়ন ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত আছেন। এ অফিসের প্রধান হিসেবে প্রধান প্রকৌশলী মহোদয়ের সার্বিক মাননীয় উপাচার্যের সাথে যোগাযোগ রক্ষণ করে প্রয়োজনীয় চাহিদা অনুযায়ী সঠিক সময়ে কাজ সম্পাদন করার জন্য অন্যান্য প্রকৌশলী, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ন্ত্রণ করে থাকেন।

কাজের বিবরণ:

